

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:৩১

আরবি মূল আয়াত:

قُل تَرَبَّصنُوا فَانِّي مَعَكُم مِّنَ المُتَرَبِّصِينَ ﴿١١﴾

বল, 'তোমরা অপেক্ষায় থাক! আমিও তোমাদের সাথে প্রতীক্ষাকারীদের অন্তর্ভুক্ত রইলাম।' — আল-বায়ান ওদেরকে বল- তোমরা অপেক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে অপেক্ষা করছি। (অতঃপর উভয় পক্ষই দেখতে পাবে কার কী পরিণতি হয়)। — তাইসিরুল

বলঃ তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষা করছি। — মুজিবুর রহমান

Say, "Wait, for indeed I am, with you, among the waiters." — Sahih International

- ৩১. বলুন, তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষাকারীদের অন্তর্ভুক্ত।(১)
 - (১) দুর্ভাগ্য আমার আসে না তোমাদের আসে, তা দেখার জন্য আমিও অপেক্ষা করছি। [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

- (৩১) বল, 'তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষা করছি।' [1]
 - [1] অর্থাৎ, দেখ! মৃত্যু কার আগে আসে? এবং ধ্বংস কার ভাগ্যে এসে জুটে?

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4766

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন